9 MAR 2003

The Bangladesh Observer

# ২০০৩-২০০৪ শিক্ষাবর্ষের জন্য প্রমোট ফেলোশীপ

## গ্রামীণ বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়ে মহিলা গ্র্যাজুয়েটদের শিক্ষকতা পেশায় কর্মসংস্থানের জন্য

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও ইওরোপীয় ইউনিয়ন-এর যৌথ উদ্যোগে ও অর্থায়নে বাস্তবায়নাধীন প্রমোট- Programme to Motivate, Train and Employ Female Teachers in Rural Secondary Schools (PROMOTE) প্রকল্পের প্রধান কর্মসূচী হচ্ছে সারা দেশের গ্রামীণ বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়গুলিতে কর্মরত মহিলা শিক্ষকদের দক্ষতা বৃদ্ধি এবং অধিক সংখ্যক উপযুক্ত মহিলা গ্র্যাজুয়েটকে গ্রামীণ মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষকতা পেশায় কর্মসংস্থানের ব্যবস্থা করা। সে লক্ষ্যে বিগত ১৯৯৮-৯৯ শিক্ষাবর্ষ থেকে বাংলাদেশের ১১টি সরকারী টিচার্স ট্রেনিং কলেজে পরিচালিত বি.এড প্রশিক্ষণ কোর্সে অধ্যয়নের জন্য প্রমোট ফেলোশীপ প্রদান করছে।

আগামী ২০০৩-২০০৪ শিক্ষাবর্ষে ১১টি সরকারী টিচার্স ট্রেনিং কলেজে পরিচালিত বি.এড প্রশিক্ষণ কোর্সে অধ্যয়নের জন্য নির্ধারিতদেরকে প্রমোট ফেলোশীপের জন্য দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

◆ প্রমোট ফেলোশীপ হচ্ছে :-

১। প্রশিক্ষণ চলাকালে মাসিক ১৫০০/- (এক হাজার পাঁচ শত) টাকা। সাফল্যের সাথে প্রশিক্ষণ সমাপ্তকারীদের ২৫০০/- (দুই হাজার পাঁচ শত) টাকা মূল্যমানের শিক্ষা উপকরণ প্রদান।

২। মেয়াদ ১০ (দশ) মাস (১লা জুলাই ২০০৩ থেকে ৩০শে এপ্রিল ২০০৪ পর্যন্ত)।

◆ যারা আবেদন করতে পারবেন :

গ্রামীণ বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়গুলিতে :

ক) কর্মরত এমপিওভুক্ত মহিলা শিক্ষক

খ) প্রমোট অর্থায়নে চলতি সনে কর্মরত সাবস্টিটিউট ও এডিশনাল টিচার

গ) শিক্ষকতার পেশা গ্রহণে আগ্রহী উপযুক্ত মহিলা গ্রাজুয়েট।

◆ যাদের অগ্রাধিকার দেয়া হবে :

◆ ফেলোশীপ প্রদানে ইংরেজি, গণিত, বিজ্ঞান ও কম্পিউটার বিষয়ে ডিগ্রীধারী মহিলা গ্র্যাজুয়েট

◆ ধর্মীয় সংখ্যালঘু, উপজাতীয়, গ্রামাঞ্চলে বসবাসকারী ও অর্থনৈতিকভাবে অসচ্ছল মহিলা গ্রাজুয়েট।

### আবেদন করার ন্যূনতম যোগ্যতা

◆ জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত বি.এড কোর্সে ভর্তির ন্যূনতম যোগ্যতাসম্পন্ন।

◆ আবেদনকারীর একাডেমিক ফলাফল কমপক্ষে ২য় বিভাগ/ শ্রেণীর হতে হবে।

◆ এমপিওভুক্ত মহিলা শিক্ষকদের ক্ষেত্রে আবেদনকারীকে স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে কমপক্ষে স্নাতক পাস হতে হবে।

◆ গ্রামীণ এলাকায় শিক্ষকতার পেশা গ্রহণে আগ্রহী হতে হবে।

### কিভাবে আবেদন করবেন

আগ্রহী আবেদনকারীদের অতিসত্বর সরকারী টিচার্স ট্রেনিং কলেজ (টিটিসি), চট্টগ্রাম, ফেনী, কুমিল্লা, ঢাকা, ময়মনসিংহ (মহিলা), ময়মনসিংহ (কো-এড), খুলনা, যশোর, রাজশাহী, রংপুর বা বরিশাল-এ অবস্থিত প্রমোট প্রকল্পের প্রোগ্রাম লিয়াজোঁ অফিসার (পিএলও)-এর কার্যালয় থেকে ব্যক্তিগত যোগাযোগ কিংবা সাদা কাগজে স্বহস্তে লিখিত পত্র মারফত নির্ধারিত প্রমোট ফেলোশীপ ফরম এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক বিগত ৯ ফেব্রুয়ারী ২০০৩ তারিখে প্রকাশিত বি.এড কোর্সে ভর্তির আবেদনপত্র ছক সংগ্রহ করার পরামর্শ দেয়া হচ্ছে। নির্ধারিত ফরমটি যথাযথভাবে পূরণ করে আগামী ২২ এপ্রিল ২০০৩ ইং তারিখের মধ্যে বি.এড প্রশিক্ষণে আগ্রহী টিটিসিতে অবস্থিত প্রোগ্রাম লিয়াজোঁ অফিসার (পিএলও)-এর অফিসে জমা দিতে হবে।

### অন্যান্য করণীয়

ক. সকল আবেদনকারীর জন্য

প্রমোট ফেলোশীপ ফরম এবং বি.এড কোর্সে ভর্তির আবেদনপত্র দুইটি যথাযথভাবে পূরণ করতে হবে। উভয় ফরমের সাথে আলাদা আলাদাভাবে ১ কপি করে ছবি ও সকল পরীক্ষা পাসের সনদপত্র এবং ডিগ্রী পরীক্ষার মার্কসশীট-এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।

খ. এমপিওভুক্ত মহিলা শিক্ষক আবেদনকারীদের

ফেলোশীপের আওতায় বি.এড প্রশিক্ষণের জন্য সংশ্লিষ্ট স্কুল ম্যানেজমেন্ট কমিটির অনাপত্তিপত্র, প্রশিক্ষণকালে (অর্থাৎ ০১-০৭-২০০৩ ইং হতে ৩০-০৪-২০০৪ ইং তারিখ পর্যন্ত) তাকে ছুটি মঞ্জুর করা হবে এ মর্মে সংশ্লিষ্ট বিদ্যালয়ের ম্যানেজমেন্ট কমিটির সিদ্ধান্তের কপি, তাঁর সর্বশেষ এমপিও এবং অভিজ্ঞতা সনদের সত্যায়িত ফটোকপি।

অসম্পূর্ণ ফেলোশীপ ফরম বাতিল বলে গণ্য হবে।

### গ্রামীণ বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়গুলিতে প্রমোট-এর অন্যান্য সুযোগ

ক. প্রশিক্ষণবিহীন এমপিওভুক্ত মহিলা শিক্ষককে প্রমোট ফেলোশীপের আওতায় বি.এড প্রশিক্ষণে প্রেরণ করলে

১. উক্ত শিক্ষকের প্রশিক্ষণকালীন অনুপস্থিতিতে বিদ্যালয়ে পাঠদান অব্যাহত রাখার স্বার্থে বিদ্যালয় ম্যানেজমেন্ট কমিটি উপযুক্ত যোগ্যতাসম্পন্ন একজন মহিলা গ্র্যাজুয়েটকে সাবস্টিটিউট টিচার হিসাবে এক বছরের জন্য (জুলাই ২০০৩–জুন ২০০৪) নিয়োগ দিতে পারবেন। নিয়োগপ্রাপ্ত উক্ত সাবস্টিটিউট টিচারের বেতন-ভাতা বাবদ মাসিক ২,৫৫০/- (দুই হাজার পাঁচ শত পঞ্চাশ) টাকা প্রমোট প্রকল্প থেকে বহন করা হবে। পরবর্তী (২০০৪-২০০৫) শিক্ষাবর্ষে ঐ সাবস্টিটিউট টিচার প্রমোট ফেলোশীপের আওতায় বি.এড প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করতে পারবেন। এক্ষেত্রেও তিনি মাসিক ১,৫০০/- টাকা হারে দশ মাস মোট ১৫,০০০/- টাকা প্রাপ্য হবেন।

২. শিক্ষা উপকরণ সংগ্রহের জন্য সংশ্লিষ্ট বিদ্যালয়কে এককালীন ১০,০০০/- (দশ হাজার) টাকা অনুদান দেয়া হবে।

খ. প্রমোট অর্থায়নে বি.এড ডিগ্রীধারী মহিলা গ্র্যাজুয়েটদের শূন্য/নব সৃষ্ট পদে নিয়োগ দিলে-

১. প্রমোট ফেলোশীপের আওতায় প্রশিক্ষণপ্রাপ্ত মহিলা গ্র্যাজুয়েটকে এমপিওভুক্ত শূন্য পদে নিয়োগ দিলে বিদ্যালয় কর্তৃক প্রদেয় বেতনাংশ ২ বছরকাল প্রমোট বহন করবে।

২. নব সৃষ্ট শূন্য পদে নিয়োগ দিলে ২ বছরকাল উক্ত মহিলা শিক্ষকের পুরো বেতন এবং পরবর্তী দু'বছর বিদ্যালয় কর্তৃক প্রদেয় বেতনাংশ প্রমোট বহন করবে।

৩. প্রমোট ফেলোকে নিয়োগ দিলে উক্ত বিদ্যালয়কে রিফারবিশমেন্টের জন্য অনুদান হিসাবে ৪০,০০০/- টাকা পর্যন্ত অনুদান দেয়া হবে।

৪. গ্রামীণ পরিবেশে কর্মরত মহিলা শিক্ষকদের সুন্দর ও নিরাপদ আবাসনের জন্য প্রমোট উপজেলা কমপ্লেক্সে হোস্টেল নির্মাণ করছে।

ফরম সংগ্রহ ও বিস্তারিত জানার জন্য যোগাযোগ করুন : সরকারী টিচার্স ট্রেনিং কলেজে অবস্থিত প্রজেক্ট লিয়াজোঁ অফিস, চট্টগ্রাম ফোন নং- ০৩১-৬২২৯৯৩, ফেনী ফোন নং- ০৩৩১-৬১০০৬, ... নং- ০৮১-৬৮৭৬৩, ঢাকা ফোন নং- ০২-৮৬১৩৮১৭, ময়মনসিংহ (মহিলা) ফোন ... (কো-এড) ফোন নং- ০৯১-৬২৬৬১, খুলনা ফোন নং- ০৪১- ... নং- ০৭২১-৭৭০৯২৬, রংপুর ... বরিশাল ফোন নং- ০৪৩১-